148

দৈনিক ইনকিলাব

তারিখ ... JAN. 25-1999

পৃষ্ঠা 2 কলাম ৮

# ইসলামী শিক্ষার নামে মাদ্রাসায় মানুষ খুন করার শিক্ষা দেয়া হয়

## — সম্মিলিত সাংস্কৃতিক জোট

**স্টাফ রিপোর্টার** ঃ কবি শামসুর রাহমানের ওপর 'হামলা'র প্রতিবাদে গতকাল কেন্দ্রীয় শহীদ মিনারে সম্মিলিত সাংস্কৃতিক জোট আয়োজিত এক সমাবেশে বক্তাগণ বলেন, কবি শামসুর রাহমানের ওপর হামলা '৭১-এর স্বাধীনতা বিরোধী আলবদর, আল-শামসদের হামলা। স্বাধীনতার পর যদি রাজাকার-আলবদরদের বিচার করা হতো তবে আজকের এই হামলা করতে তারা সাহস পেতো না। তারা বলেন, আজকে মাদ্রাসায় যে শিক্ষা দেয়া হয় তা ইসলামী শিক্ষা নয়। ইসলামী শিক্ষার নামে মাদ্রাসায় মানুষ খুন করার শিক্ষা দেয়া হয়। ধর্মের নামে যারা মানুষ খুন করে— তাদেরকে বাঁচতে দেয়া হবে না। ওদের সমূলে উৎপাটন করতে হবে। মাদ্রাসা শিক্ষা দরিদ্রতা বাড়ায়। জাতীয় উন্নতির ক্ষেত্রে এই শিক্ষার কোন অবদান নেই। বক্তাগণ বলেন, ইনকিলাব

২-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## সম্মিলিত সাংস্কৃতিক জোট

প্রথম পৃষ্ঠার পর

মৌলবাদীদের উস্কানী দিচ্ছে। তারা ধর্মনিরপেক্ষ রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য '৭২ সালের সংবিধানে ফিরে যাওয়ার দাবী জানান।

তারা বলেন, সরকার যদি হামলাকারী মৌলবাদীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে না পারে তবে বাংলাদেশ পাকিস্তান বা আফগানিস্তানে পরিণত হবে। দেশে সাম্প্রদায়িক ও মৌলবাদী রাজনীতি নিষিদ্ধ করতে হবে। তারা শামসুর রাহমানের ওপর হামলাকারীদের শাস্তি বিধানের দাবী জানান। সমাবেশে দৈনিক ইনকিলাবের কপি পুড়িয়ে দেয়া হয়। সমাবেশ শেষে সাংস্কৃতিক জোট ঢাকা মহানগরীতে একটি মিছিল বের করে।

রামেন্দু মজুমদারের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে বক্তৃতা করেন- অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী, অধ্যাপক ডঃ রফিকুল ইসলাম, সৈয়দ হাসান ইমাম, শাহরিয়ার কবির, জোটের সাধারণ সম্পাদক গোলাম কুদ্দুস, অধ্যাপিকা পান্না কায়সার এমপি, ফেরদৌসী মজুমদার, কবি মোহন রায়হান, আলী যাকের, মামুনুর রশিদ, আতাউর রহমান, নাসিরউদ্দিন ইউসুফ, সালাহউদ্দিন বাদল, বাহাদুর বেপারী প্রমুখ।